বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক বাংলা

তারিখ ... OCT 1988 ...
পৃষ্ঠা... ... কলাম ...

062

(৪৩)

# এশিয়ান কাপ ক্রিকেটের প্রস্তুতি সন্তোষজনক: শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ও বাংলাদেশ ক্রিকেট নিয়ন্ত্রণ বোর্ডের (বিসিসিবি)—সভাপতি ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদ সোমবার ঢাকায় বলেন, মর্যাদাসম্পন্ন উইলস এশিয়া কাপ টুর্নামেন্ট অনুষ্ঠানের প্রস্তুতি দ্রুত ও সন্তোষ-

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## এশিয়া কাপ

(১-এর পৃঃ পর)

জনকভাবে অগ্রসর হচ্ছে। আগামী ২৭শে অক্টোবর থেকে ঢাকা ও চট্টগ্রামে একই সঙ্গে এ প্রতিযোগিতা শুরু হবে। আগামী ৪ঠা নবেম্বর ঢাকায় টুর্নামেন্টের চূড়ান্ত খেলা অনুষ্ঠিত হবে।

সচিবালয়ে যুব ও ক্রীড়া মন্ত্রীর দফতরে এক প্রেস ব্রিফিং এ ব্যারিস্টার মাহমুদ সাংবাদিকদের একথা জানিয়ে আশা করেন, নির্ধারিত সময়ের আগেই সবকিছু সম্পন্ন হবে। খবর বাসসর।

যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী জনাব আবুল খায়ের চৌধুরী এবং জাতীয় ক্রীড়া নিয়ন্ত্রণ বোর্ডের চেয়ারম্যান মেজর জেনারেল এম সাদেকুর রহমান চৌধুরীও এ অনুষ্ঠানে বক্তৃতা করেন।

বিসিসিবি প্রধান শিক্ষামন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদ বলেন, বর্তমান এশিয়া কাপ টুর্নামেন্ট সফল করতে পারলে আমরা বাংলাদেশে সারজাহ ধরনের আন্তর্জাতিক ক্রিকেট প্রতিযোগিতা আয়োজনের বিষয়ে চিন্তাভাবনা করতে পারি।

শিক্ষামন্ত্রী জানান, তিনটি দেশই ভারত, পাকিস্তান ও শ্রীলংকা এই চ্যাম্পিয়নশীপে অংশ নেবে বলে ইতিমধ্যে জানিয়েছে।

তিনি বলেন, ফাইনাল খেলার পর ৬ই নবেম্বর ঢাকায় এশিয়া কাপ চ্যাম্পিয়ন বনাম আমন্ত্রিত একাদশের মধ্যে একটি চ্যারিটি ম্যাচ অনুষ্ঠিত হবে।

বিসিসিবি প্রধান উল্লেখ করেন ভারতের সুনীল গাভাস্কার ও পাকিস্তানের জহির আব্বাসের মত ক্রিকেট খেলোয়াড়রা এই ম্যাচে খেলবেন। আরো কয়েকজন বিখ্যাত ক্রিকেট খেলোয়াড়কে আমন্ত্রণ জানানো হয়েছে।

তিনি জানান, চ্যারিটি ম্যাচের টিকিট বিক্রিলব্ধ অর্থ প্রেসিডেন্টের ত্রাণ ও কল্যাণ তহবিলে দান করা হবে।

বিসিসিবি প্রধান শিক্ষামন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদ বলেন, টিকিট বিক্রি, বিজ্ঞাপন এবং টেলিভিশন রয়ালটি প্রভৃতি খাত থেকে প্রায় দু কোটি টাকা পাওয়া যাবে বলে আশা করা হচ্ছে। এই প্রক্রিয়ায় ইতিমধ্যে এক কোটি টাকা সংগৃহীত হয়েছে।

তিনি বলেন, প্রতিযোগিতা থেকে পর্যাপ্ত তহবিল সংগৃহীত হলে বিসিসিবি ক্রিকেটারদের দীর্ঘ মেয়াদী প্রশিক্ষণ কর্মসূচী গ্রহণের মত অর্থনৈতিক দিক থেকে স্বাবলম্বী হয়ে উঠবে।